# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৪.২১-১০৩

তারিখঃ ২৭/০৮/১৪২৯ বঙ্গাঃ
১২/১২/২০২২ খ্রিঃ

বিষয় ঃ **চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

রেকর্ডপত্র হতে দেখা যায় যে, আপনি জনাব মোঃ রিয়াজ আহমেদ খান (পরিচিতি নং-৮৬১২১৯০০১), সহকারী প্রকৌশলী (যাঃ), পিএন্ডডি মেকানিক্যাল সার্কেল, বাপাউবো, ৪১০-৪১৬, তেজগাঁও, ঢাকা কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-পাউবো(কউ)/আর-২৩(৯ম খণ্ড)/৫৯৯ তারিখঃ ০৩/০৭/২০১২ খ্রিঃ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়ে পিএন্ডডি মেকানিক্যাল সার্কেল, বাপাউবো, ঢাকা'য় বিগত ৩১/০৭/২০১২ খ্রিঃ তারিখে যোগদান করেন। পরবর্তীতে আপনি ০১/০৮/২০১৪ ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন। আপনার উক্ত অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ তদন্তের জন্য কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৪.২১-১২০, তারিখঃ ০৭/১১/২০২১ খ্রিঃ এর মাধ্যমে ০১ (এক) জন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। উক্ত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন হতে দেখা যায় যে, আপনি যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বসবসাস করছেন। তদন্ত কর্মকর্তার সাথেও আপনার টেলিফোনে কথা হয়েছে। আপনি টেলিফোনে জানিয়েছেন যে, বর্তমানে আপনি যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থান করছেন। আপনি আপনার অনুপস্থিতির বিষয়টি দপ্তরকে মৌখিক বা লিখিতভাবে জানাননি। আপনার এহেন কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২ (১৩) (ই) অনুযায়ী পলায়ন হিসেবে বিবেচিত।

২। যেহেতু আপনি জনাব মোঃ রিয়াজ আহমেদ খান (পরিচিতি নং-৮৬১২১৯০০১), সহকারী প্রকৌশলী (যাঃ), পিএন্ডডি মেকানিক্যাল সার্কেল, বাপাউবো, ৪১০-৪১৬, তেজগাঁও, ঢাকা উপরোক্ত কার্য করে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামীল এবং ইহা করে আপনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী আপনার উপর যে কোন দন্ড আরোপ যোগ্য।

৩। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান-৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন আপনার উপর আরোপ করা হবে না উহা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৪.২১-৪৭ তারিখঃ ২৭/০৩/২০২২ খ্রিঃ এর মাধ্যমে আপনার বিরুদ্ধে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা আপনার স্থায়ী ঠিকানা ও দাপ্তরিক ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রাপ্তি স্বীকারসহ প্রেরণ করা হয়। অভিযোগনামা প্রেরণের প্রেক্ষিতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিল করার বিধান থাকলেও আপনি অভিযোগনামার জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার বিরুদ্ধে আনীত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৪.২১-৬৬ তারিখঃ ২৭/০৪/২০২২খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেন।

৪। যেহেতু তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে গত ০১/০৮/২০১৪ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় যা কর্তব্য-কর্মে অবহেলা, অসদাচরণ, প্রতারণা এবং পলায়নের সামীল হওয়ায় আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৮/২০১৪ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৫। অতএব কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে গত ০১/০৮/২০১৪ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় আপনার উপর কেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৮/২০১৪ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে উহার কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি ঃ ১। তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি-৩৩ (তেত্রিশ) পাতা।

(ওবায়দুল ইসলাম)
পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বরঃ ৬৭০২০১০০৩
টেলিফোন নম্বর ঃ ৮৮০২২২২২৩০০৭৬
Dir.discipline.bwdb@gmail.com

E:\Bayzid\Showcause\ME.docx1

১। জনাব মোঃ রিয়াজ আহমেদ খান
সহকারী প্রকৌশলী (যাঃ)
পিএন্ডডি মেকানিক্যাল সার্কেল
বাপাউবো, ৪১০-৪১৬, তেজগাঁও, ঢাকা।

২। জনাব মোঃ রিয়াজ আহমেদ খান
পিতাঃ আবদুল আজিজ খান
১০, দীন নাথ সেন রোড
গেন্ডারিয়া, ঢাকা-১২০৪।

৩। জনাব মোঃ রিয়াজ আহমেদ খান
পিতাঃ আবদুল আজিজ খান
বাড়ী নং-২৭/১
সড়ক নং- সতীশ সরকার রোড
গেন্ডারিয়া, ঢাকা-১২০৪।

অনুলিপিঃ
১। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম, বাপাউবো, ৪১০-৪১৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পিএন্ডডি মেকানিক্যাল সার্কেল, বাপাউবো, ৪১০-৪১৬, তেজগাঁও-বা/এ, ঢাকা-১২০৮।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশখানা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

E:\Bayzid\Showcause\ME.docx2